

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(৩৪০) মুমূর্ষ্ ব্যক্তিকে কখন 'লা-ইলাহা ইল্লাল্লাহ' বলার তালকীন দিতে হবে?

মৃত্যুর পূর্ব মূহুর্তে মুমূর্যু অবস্থায় তালকীন দিতে হবে। যে ব্যক্তির রূহ বের হওয়ার উপক্রম হয়েছে তার কাছে বসে তাকে পাঠ করতে বলবে, 'লাইলাহা ইল্লাল্লাহ'। যেমনটি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) চাচা আবু তালেবের মৃত্যুর সময় করেছিলেন। তিনি বলেছিলেন, "চাচা! আপনি 'লা-ইলাহা ইল্লাল্লাহ' বলুন। এই কালেমা দ্বারা আমি আল্লাহ্র কাছে আপনার মুক্তির জন্য সুপারিশ করব।" কিন্তু চাচা আবু তালেব উহা বলতে অস্বীকৃতি জানিয়েছে এবং শির্কের উপর মৃত্যু বরণ করেছে। (নাউযুবিল্লাহ্)

কিন্তু মৃত্যুর পরবর্তী দাফনের পর তালক্বীন দেয়া একটি বিদআত। কেননা এব্যাপারে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে কোন হাদীছ প্রমাণিত নেই। তবে দাফনের পর যা করা উচিৎ সে সম্পর্কে আবূ দাউদে একটি হাদীছ বর্ণিত হয়েছে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কোন মৃতকে দাফন শেষ করলে তার কবরের কাছে দাঁড়াতেন এবং বলতেন,

اسْتَغْفِرُوا لِأَخِيكُمْ وَسَلُوا لَهُ بِالتَّثْبِيتِ فَإِنَّهُ الْآنَ يُسْأَلُ

"তোমাদের ভাইয়ের জন্য আল্লাহ্র কাছে ক্ষমা প্রার্থনা কর এবং তার দৃঢ়তা কামনা কর। কেননা এখনই তাকে প্রশ্ন করা হবে।" কিন্তু কবরের কাছে কুরআন তেলাওয়াত বা সূরা পাঠ বা 'লা-ইলাহা ইল্লাল্লাহ' এর তালকীন দেয়া ভিত্তিহীন বিদআত।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=872

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন